

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৩২

খোয়াই, ২৬ জুলাই, ২০২৪

পূর্ব রাজনগর এডিসি ভিলেজে প্রশাসনিক শিবির

খোয়াই মহকুমার তুলাশিখর ব্লক এলাকার পূর্ব রাজনগর এডিসি ভিলেজের দিনকোবরা উচ্চ বুনিয়াদি বিদ্যালয়ে গতকাল মহকুমা প্রশাসনের উদ্যোগে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন তুলাশিখর ব্লক আধিকারিক এ এল দার্লং, অতিরিক্ত ব্লক আধিকারিক বিশ্ব দেববর্মা, ডিসিএম কিশোর দেববর্মা সহ স্বাস্থ্য, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, পুর্ত, বিদ্যুৎ, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, প্রাণীসম্পদ বিকাশ, কৃষি, মৎস্য, গ্রাম উন্নয়ন ও বন্দপ্রের আধিকারিকগণ। শিবিরে মহকুমা প্রশাসন থেকে ১২টি বিবাহ নিবন্ধীকরণ, ৪৫টি আরওআর, ৬টি ইনকাম এবং ৮০টি আধার কার্ড ভেরিফিকেশনের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। বন দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন প্রজাতির ১০০টি চারা গাছ বিতরণ করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ১৬ জনের কাছ থেকে আভা কার্ডের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয় এবং ৬৬ জনের স্বাস্থ্য পরীক্ষা করে ঔষধ বিতরণ করা হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ৬টি পরিবারের ১২ টি গবাদি প্রাণীর চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়।
